



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ৭৯৪৯

তারিখঃ ৩০ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
১৪ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


### অফিস আদেশ

ফুলবাড়ী দারুস সুন্নাহ সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: ফুলবাড়ী, উপজেলা: ফুলবাড়ী, জেলা: দিনাজপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.০৯.২০১৮ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রি. থেকে ২৬.০৪.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

### শর্তসমূহ :

- ১। অভ্যন্তরীণ ক্রয় কমিটি ও নিরিক্ষা গঠন করতে হবে।
- ২। শ্রেণিকক্ষে ছাত্রীদের উপস্থিতি এবং পড়া লেখার গুণগত মান বাড়াতে হবে।
- ৩। সকল আর্থিক লেনদেন ব্যাংক রেজিস্ট্রারের মাধ্যমে করতে হবে।
- ৪। শিক্ষার্থীদের আইসিটি ক্লাস নিয়মিত নিশ্চিত করতে হবে।
- ৫। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট দফতরের নোটিশগুলো মাদরাসার নোটিশ বোর্ডে লাগাতে হবে।
- ৬। শ্রেণিকক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করতে হবে।
- ৭। শিক্ষাসহায়ক কার্যক্রম যেমন-দেয়ালিকা, বিতর্ক, খেলাধুলা, হামদ-নাত ইত্যাদি আয়োজন ও শিক্ষার্থীদের নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ৮। শিক্ষার্থীদের আরবি ভাষার দক্ষতা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৯। লাইব্রেরী পরিষ্কার-পরিচ্ছন্ন করে যুগোপযোগী ও রেফারেন্স গ্রন্থ দ্বারা সমৃদ্ধ করে নিয়মিত শিক্ষক-শিক্ষার্থীদের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ১০। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

  
14.01.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ


ফুলবাড়ী দারুস সুন্নাহ সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা  
ডাকঘর: ফুলবাড়ী, উপজেলা: ফুলবাড়ী, জেলা: দিনাজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ৭৯৪৯

তারিখঃ ৩০ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
১৪ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, ফুলবাড়ী দারুস সুন্নাহ সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: ফুলবাড়ী, উপজেলা: ফুলবাড়ী, জেলা: দিনাজপুর।
- ৭। অফিস নথি।

  
14.01.2020

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩